গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২.০১.২৭১.২০২৪-১৯৩

তারিখঃ ০৬ /০৫/২০২৪ খ্রি.

# ভর্তি বিজ্ঞপ্তি

সরকারি ও বেসরকারি নার্সিং কলেজসমূহের ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির নিমিত্ত অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন করার লিংক, নিয়মাবলী ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এর ওয়েবসাইট www.bnmc.gov.bd এ পাওয়া যাবে। আগ্রহী প্রার্থীদের বর্ণিত ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি নির্দেশনা অনুসরণ পুর্বক আবেদন ফরম পূরণ করতে হবে।

২। **অনলাইন আবেদন ও ভর্তি পরীক্ষার সূচিঃ**

| | |
|---|---|
| অনলাইন আবেদন (Application) শুরুর তারিখ | ০৭/০৫/২০২৪ খ্রি. (সকাল ৯.০০ টা হতে) |
| অনলাইন আবেদনের (Application) শেষ তারিখ | ১৮/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত (রাত ১১.৫৯ টা পর্যন্ত) |
| প্রবেশপত্র ডাউনলোড (Download) এর তারিখ | ২১/০৫/২০২৪ হতে ২৩/০৫/২০২৪ খ্রি. (রাত ১১.৫৯ টা) পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও বিষয় | ২৪/০৫/২০২৪ খ্রি. শুক্রবার, সকাল ১০.০০ টা (সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা) ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। |

**বিঃদ্রঃ** ১. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে **০৭/০৫/২০২৪ খ্রি.** যাদের সরকারি চাকরির মেয়াদ ০২ বছর পূর্ণ হয়েছে, তারাই ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন।

২. আবেদনের লিংক: https://idea-technology.com/dgnm/index.php

৬/৫/২৪
মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী
(উপসচিব)
পরিচালক (শিক্ষা)
ও
সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২.০১.২৭১.২০২৪-১৯৩

তারিখঃ ০৬/০৫/২০২৪ খ্রি.

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (নার্সিং অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৬। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৭। সিনিয়র সহকারী সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৮। অধ্যক্ষ, নার্সিং কলেজ (সংশ্লিষ্ট সকল)...............................................।
০৯। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৬/৫/২৪
পরিচালক (শিক্ষা)
সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২.০১.২৭১.২০২৪-১৯৬ তারিখঃ ০৬/০৫/২০২৪ খ্রি.

# ভর্তি ফরম পূরণের নির্দেশনা

সরকারি ও বেসরকারি নার্সিং কলেজসমূহে ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| কোড | সরকারি কলেজের নাম | কোর্সের নাম | আসন সংখ্যা | | আসন বিন্যাস |
|---|---|---|---|---|---|
| ০১ | কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা | ক.ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১০৩ টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ১২ টি।<br>খ. বিদেশি প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ০৫ টি।<br>গ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা ০৫টি। তন্মধ্যে মহিলা ০৪টি ও পুরুষ ০১টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | ২০ | | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মিডওয়াইফ প্রার্থীদের আসন সংখ্যা ১৯টি<br>খ.বিদেশি প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন ০১টি |
| ০২ | ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম | ক.ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১০৮ টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ১২ টি।<br>খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা ০৫টি। তন্মধ্যে মহিলা ০৪টি ও পুরুষ ০১টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | ২০ | | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মিডওয়াইফ প্রার্থীদের আসন সংখ্যা ১৯টি<br>খ.বিদেশি প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন ০১টি |
| ০৩ | বগুড়া নার্সিং কলেজ, বগুড়া | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১০৮ টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ১২ টি।<br>খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা ০৫টি। তন্মধ্যে মহিলা ০৪টি ও পুরুষ ০১টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | ২০ | | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মিডওয়াইফ প্রার্থীদের আসন সংখ্যা ১৯টি<br>খ.বিদেশি প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন ০১টি |
| ০৪ | খুলনা নার্সিং কলেজ, খুলনা | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১০৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ১২ টি।<br>খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা ০৫টি। তন্মধ্যে মহিলা ০৪টি ও পুরুষ ০১টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | ২০ | | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মিডওয়াইফ প্রার্থীদের আসন সংখ্যা ১৯টি<br>খ. বিদেশি প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন ০১টি |
| ০৫ | সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ | ক. সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১০৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ১২ টি।<br>খ. বেসরকারি প্রার্থীদের জন্য আসন সংখ্যা ০৫টি।তন্মধ্যে মহিলা ০৪টি ও পুরুষ ০১টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | | |
| ০৬ | রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ | সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ০২ টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | | |
| ০৭ | ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ | সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ০২ টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | | |
| ০৮ | রংপুর নার্সিং কলেজ, রংপুর | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ | সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ০২ টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | | |
| ০৯ | সিলেট নার্সিং কলেজ, সিলেট | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ | সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ০২ টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | | |
| ১০ | বরিশাল নার্সিং কলেজ, বরিশাল | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ | সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত মহিলা প্রার্থীদের আসন সংখ্যা ১৮টি ও পুরুষ প্রার্থীদের আসন সংখ্যা ০২ টি। |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | | |

২। **প্রার্থীর যোগ্যতা:**

২ (ক) বাংলাদেশি প্রার্থী: (ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং এর জন্য)

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- তিন অথবা চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ডিগ্রি থাকতে হবে;
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত;
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/ নার্স পদে কমপক্ষে দুই বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র আছে মর্মে অনলাইন আবেদনে উল্লেখ থাকতে হবে;
- বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার প্রয়োজন নেই।

২ (খ) বাংলাদেশি প্রার্থী: (ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সের জন্য)

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- তিন বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ডিগ্রি থাকতে হবে;
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত;
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য মিডওয়াইফ পদে দুই বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র আছে মর্মে অনলাইন আবেদনে উল্লেখ থাকতে হবে;
- ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সের আসন কেবল নারী মিডওয়াইফদের জন্য সংরক্ষিত থাকবে।

২ (গ) **বিদেশি প্রার্থী:**

- নীতিমালার শর্তাবলী যথাযথ অনুসরণে বিদেশি নাগরিক ও আবেদন করতে পারবেন।

- বিদেশি প্রার্থীর আবেদনপত্র, এসএসসি/ সমমানের সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও নার্সিং/ মিডওয়াইফারি সনদ/ নিবন্ধন নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে সত্যায়নসহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে জমা দিতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় নির্দিষ্ট সময়ের মধ্যে তা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে।
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর সমতাকরণ প্রতিবেদনের আলোকে মন্ত্রণালয় কর্তৃক ভর্তির অনুমতি প্রদান করা হবে।
- বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে পাসকৃত বাংলাদেশি শিক্ষার্থীদের এসএসসি/সমমানের, এইচএসসি/সমমানের সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও নার্সিং/ মিডওয়াইফারি সনদ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর সমতাকরণ প্রতিবেদনের আলোকে নিবন্ধন সনদ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয় কর্তৃক ভর্তির অনুমতি প্রদান করা হবে।

৩. **অনলাইনে অবেদনপত্র পূরণ ও ভর্তি পরীক্ষা ফি জমাদানের নিয়মাবলীঃ**

(ক) প্রার্থী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের Web Address- www.dgnm.gov.bd এর ওয়েব লিংকের মাধ্যমে আবেদনপত্র পূরণ করে অনলাইন রেজিস্টেশন কার্যক্রম ও ভর্তি পরীক্ষার ফি জমাদান সম্পন্ন করবেন। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই নির্দেশনা ( Instructions) Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে বুঝে নিবেন।

(খ) শুধুমাত্র Application ID (এপ্লিকেশন আইডি) প্রাপ্ত প্রার্থীগণ Application ID (এপ্লিকেশন আইডি) প্রাপ্তির পর **bkash** এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র পূরণ করা যাবে না।

৪. **ভর্তি পরীক্ষার ফি প্রদান:**

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক নির্দেশনামতে ছবি ও প্রার্থীর স্বাক্ষর আপলোড (Upload) করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র দাখিল (Submission) সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview (এপ্লিকেশন প্রিভিউ) দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit (সাবমিট) করা সম্পন্ন হলে Application ID (এপ্লিকেশন আইডি) সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy (এপ্লিকেন্টস কপি) পাবেন। উক্ত Applicant's Copy Download (এপ্লিকেন্টস কপি) পূর্বক প্রিন্ট করে তা সংরক্ষণ করতে হবে।

(ক) আবেদনের ওয়েবসাইট-**www.dgnm.gov.bd** এর লগইন অপশন থেকে আবেদন নম্বর **(Application ID)** এবং **Password** (পাসওয়ার্ড) ব্যবহার করে লগইন করুন।

**১ম ধাপ- bkash** পেমেন্ট বাটনে ক্লিক করুন। একটি স্ক্রীন দেখা যাবে, উক্ত স্ক্রীনে আপনার **bkash** একাউন্ট নম্বর দিন এবং শর্তাবলীতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান;

**২য় ধাপ- bkash** আপনার একাউন্ট নম্বর হিসেবে ব্যবহৃত মোবাইল নম্বরে ৬ (ছয়) সংখ্যার একটি **Verification Code** (ভেরিফিকেশন কোড) পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রীনে দিয়ে পরবর্তী ধাপে যান।

**৩য় ধাপ**- এরপর আপনার **bkash** একাউন্টের **PIN** (পিন) দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন।

৫. ছবি Upload (আপলোড): সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১০০ কেবি সাইজ, ৩০০×৩০০ পিক্সেল, JPG ফরমেট আপলোড করতে হবে।

৬. প্রার্থীর স্বাক্ষর: আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর স্ক্যান করে সাদা ব্যাক গ্রাউন্ড ২৫০×১৫০ পিক্সেল, JPG ফরমেটে আপলোড করতে হবে।

৭. প্রবেশপত্র (Admit Card): প্রার্থী তার (Application ID) ও Password (পাসওয়ার্ড) নম্বর ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত প্রবেশপত্র (Admit Card) Download করতে পারবেন।

**৮. ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। ভর্তি পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা পরিলক্ষিত হলে তার প্রার্থীতা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. ভর্তিচ্ছুক প্রার্থীকে **নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ক ১০০ নম্বরের MCQ প্রশ্নের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে**। এ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত/ দৈনিক ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার হলে যে কোন প্রকার ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ডিভাইস (ক্যালকুলেটর, মোবাইল ফোন বা এ জাতীয় কোন যন্ত্রপাতি) সংগে আনা যাবে না। শুধুমাত্র পেন্সিল, কালো কালির বলপয়েন্ট কলম, রাবার, স্কেল ইত্যাদি ব্যবহার করতে পারবেন।

১০. **অন্যান্য শর্তাবলী:**

(ক) সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে **০৭/০৫/২০২৪ খ্রিঃ** তারিখে যাদের সরকারি চাকরির মেয়াদ ০২ বছর পুর্ণ হয়নি, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(খ) কোন সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/ নার্সিং সুপারভাইজার এর সৃষ্ট পদের বিপরীতে নির্বাচিত প্রার্থীদের মধ্য হতে সর্বোচ্চ ১০% নার্সিং ও মিডওয়াইফারি কর্মকর্তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে সংযুক্তি আদেশ প্রদান করা হবে।

(গ) নির্বাচিত প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজ পত্রাদির অনুলিপি ন্যূনতম ১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা (৯ম গ্রেড) কর্তৃক সত্যায়িত করে জমাদান পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে।

(ঘ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

(ঙ) Download করা Applicant's Copy এর অনুলিপি জমা দিতে হবে।

(চ) Download করা প্রবেশপত্র (Admit Card) এর অনুলিপি জমা দিতে হবে।

(ছ) কোন প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত দেশি/ বিদেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

(জ) বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল হতে প্রাপ্ত হাল নাগাদ রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১১. নির্বাচিত প্রার্থী কলেজে অধ্যয়নকালে কোন প্রকার চাকরি, প্রশিক্ষণ বা অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবেন না।

১২. কোর্সে অধ্যয়নকালে সংশ্লিষ্ট নার্সিং কলেজ/ বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম/বিধি-বিধান মেনে চলতে হবে।

১৩. নির্বাচিত পুরুষ প্রার্থীদের নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। আবাসন সংকুলান না হলে মহিলা প্রার্থীকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।

১৪. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন।

১৫. **আবেদনের তারিখ ও সময়সূচী:**

| | |
|---|---|
| অনলাইন আবেদন (Application) শুরুর তারিখ | ০৭/০৫/২০২৪ খ্রি. (সকাল ৯.০০ ঘটিকা হতে) |
| অনলাইন আবেদন (Application) শেষ তারিখ | ১৮/০৫/২০২৪ খ্রি. (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত) |
| প্রবেশপত্র ডাউনলোড (Download) এর তারিখ | ২১/০৫/২০২৪ খ্রি. তারিখ হতে ২৩/০৫/২০২৪ খ্রি. তারিখ (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত) |
| ভর্তি পরীক্ষার তারিখ ও বিষয় | ২৪/০৫/২০২৪ খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা। সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত ০১ ঘন্টাব্যাপী MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা। |

**বি: দ্র:** ১। আবেদনের লিংক: https://idea-technology.com/dgnm/index.php

২। আবেদনকালীন কোন সমস্যা হলে প্রদত্ত মোবাইল নম্বরে যোগাযোগ করুন (রাত ১০.০০ ঘটিকার মধ্যে):

মোবাইল নম্বর: ১. Rana: 01771-656454

২. Deputy Director (Edu), DGNM: 01735-217075

মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী
(উপসচিব)
পরিচালক (শিক্ষা)
ও
সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.২৭১-২০২৪-১৯৬ তারিখঃ ০৬/০৫/২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। অধ্যক্ষ, নার্সিং কলেজ (সংশ্লিষ্ট সকল)................।
১১। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১২। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

পরিচালক (শিক্ষা)
সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি